সংবাদ

তারিখ ... 17 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৬ ......

### রাজশাহী হোমিও কলেজ

# মামলা বিবাদে ২৩ মাস বেতন বঞ্চিত শিক্ষক-কর্মচারীরা

প্রতিনিধি, রাজশাহী

রাজশাহী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ ও হাসপাতালের ছাত্র-ছাত্রী চিকিৎসক শিক্ষক ও কর্মচারীদের মধ্যে চরম অসন্তোষ ও ক্ষোভ বিরাজ করছে। গত বুধবার ১০ম দিনের মতো চিকিৎসক-কর্মচারীরা তাদের বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ডের অনুমোদন ও বেতন ভাতার দাবিতে ক্যাম্পাসে ধর্মঘট পালন করেছে। রাজশাহী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ চিকিৎসক-কর্মচারী ঐক্য পরিষদের সভাপতি ডা: মো. মাহিদুজ্জামান ফারুক জানান, সাবেক অধ্যক্ষ ইয়াছিন আলী একের পর এক মামলা করায় আইনি জটিলতার কারণে কলেজে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। এমনকি তারা ২৩ মাস ধরে ন্যূনতম বেতন ভাতা বা কোন রকম আর্থিক সুবিধা না পাওয়ায় মানবেতর জীবন যাপন করছে। এদিকে তারা কলেজ ধ্বংসের ষড়যন্ত্রে লিপ্ত থাকার অভিযোগে ডাঃ সায়েরা বানুর অপসারণ চেয়ে বাংলাদেশ হোমিওপ্যাথি বোর্ডের চেয়ারম্যান, জেলা প্রশাসকসহ বিভিন্ন সংবাদ মাধ্যমের প্রতিনিধি বরাবর আবেদন জানিয়েছেন। আবেদন পত্রে উল্লেখ করা হয়েছে, ডাঃ সায়েরা বানুকে সাবেক অধ্যক্ষ (তার স্বামী) কর্তৃক ঘোষিত প্রভাষক, উপাধ্যক্ষ, মেডিকেল অফিসার বানিয়ে যখন যেখানে যেটির প্রয়োজন সেই পদবি ব্যবহার করেছে।

রাজশাহী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ চিকিৎসক-কর্মচারী ঐক্য পরিষদের সভাপতি ডা: মো. মাহিদুজ্জামান ফারুক, কলেজ শিক্ষক সমিতির সভাপতি, ডাঃ শামীম চৌধুরী জানান, ডাঃ সায়েরা বানু কর্তৃক মামলা করায় আইনি জটিলতার কারণে কলেজের শিক্ষকদের বেতনের টাকা আজো উত্তোলন করা যায়নি। ফলে তাদের বেতন ভাতা পাওয়া অনিশ্চিত হয়ে পড়েছে। বর্তমানে এসব বিষয়ে হোমিও কলেজের ছাত্র-ছাত্রী, চিকিৎসক, শিক্ষক ও কর্মচারীদের মধ্যে চরম অসন্তোষ বিরাজ করছে।